অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/18/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের পার্ক এবং ঐতিহাসিক স্থানগুলির শতবর্ষ উদযাপন করেন

রাজ্যব্যাপী সাইটগুলি 18ই এপ্রিলের সন্ধ্যায় "পার্কগুলি সবুজ এবং সতবর্ষী সোনায়" আলোকিত করা হবে

রাজ্য জুড়ে পার্ক এবং ঐতিহাসিক স্থানগুলিতে বিশেষ শতবর্ষী পতাকা উত্তোলন করা হবে

2024 সাল জুড়ে, নিউ ইয়র্ক স্টেটের পার্কগুলি 100 তম বার্ষিকীকে বিভিন্ন কর্মসূচি এবং অনুষ্ঠানের সাথে চিহ্নিত করেছে – আরও তথ্য এখানে **উপলব্ধ**

গভর্নর ক্যাথি হোকল আজ 18ই এপ্রিল, 1924 সালে স্টেট কাউন্সিল অফ পার্কসের (State Council of Parks) প্রতিষ্ঠার শতবর্ষ উদযাপন করেছেন। রাজ্য জুড়ে ল্যান্ডমার্কগুলিকে পার্কগুলি সবুজ এবং শতবর্ষী সোনায় আলোকিত করা হবে এবং দিনটি স্মরণ করার জন্য রাজ্য জুড়ে পার্ক এবং ঐতিহাসিক স্থানগুলিতে একটি বিশেষ শতবর্ষী পতাকা উত্তোলন করা হবে।

"আমাদের স্টেট পার্ক এবং ঐতিহাসিক সাইটগুলির ব্যবস্থা নিউ ইয়র্কবাসী এবং দর্শক উভয়েরই জন্য একইভাবে একটি সম্পদ, এবং আজ আমরা 100 বছরের স্মৃতি উদযাপন করছি," **গভর্নর হোকল বলেছেন।** “আজ আমাদের যে ব্যবস্থাটি আছে সেটি দূরদর্শী নেতৃত্ব দিয়ে শুরু হয়েছিল এবং এটি 360,000 একর জমি জুড়ে 250টিরও বেশি ভূসম্পত্তিকে ঘিরে কয়েক দশক ধরে বেড়েছে। গভর্নর হিসাবে, আমি এই লিগ্যাসি অব্যাহত রাখব কারণ আমরা আজ এবং সারা বছর ধরে আমাদের পার্কগুলির ইতিহাসের সম্মান করি।"

নিউ ইয়র্কের আধুনিক স্টেট পার্কস এবং ঐতিহাসিক সাইটের ব্যবস্থা তৈরি করা হয়েছিল যখন 1924 সালের 18ই এপ্রিলে গভর্নর আলফ্রেড ই. স্মিথ এবং স্টেট লেজিসলেটর নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অফ পার্কসের প্রতিষ্ঠা করেছিলেন। 19শে শতকের শেষের দিকে প্রাকৃতিক তাৎপর্যপূর্ণ স্থানগুলিকে রক্ষা করার জন্য, অ্যাডিরন্ড্যাক এবং ক্যাটস্কিল বন সংরক্ষন স্থাপন করার জন্য, 1900 সালে নিউ ইয়র্ক এবং নিউ জার্সি আইনসভাগুলি দ্বারা পালিসেডস ইন্টারস্টেট পার্ক কমিশন (Palisades Interstate Park Commission) গঠন করার জন্য এবং সেন্ট লরেন্সে রাষ্ট্রীয়

রিজার্ভেশনটি সৃষ্টি করতে রাজ্যের ক্রিয়াকলাপের উপর ভিত্তি করে তৈরি কাউন্সিলের সৃষ্টি শুরু হয় যা আজ হাজার দ্বীপপুঞ্জ অঞ্চলের অনেক রাজ্যের পার্ককে অন্তর্ভুক্ত করে।

1970 সালে, রাজ্যের আইন যা নিউ ইয়র্ক স্টেটের পরিবেশমূলক সংরক্ষণের বিভাগকে (New York State Department of Environmental Conservation) তৈরি করেছিল, এছাড়াও সেই পার্কগুলির প্রাক্তন ডিভিশনকে একটি স্বাধীন সংস্থায় উন্নীত করেছে, যা নিউ ইয়র্ক স্টেট অফিস অফ পার্কস অ্যান্ড রিক্রিয়েশন (New York State Office of Parks and Recreation) নামে পরিচিত। 1972 সালে পরবর্তী আইন এজেন্সিকে নিউ ইয়র্কের পার্কের জমিগুলির সরাসরি নিয়ন্ত্রণ দেয়, সেই সাথে স্টেট কাউন্সিল অফ পার্কস এবং আঞ্চলিক কমিশনগুলি একটি উপদেষ্টা ব্যবস্থাপনার ভূমিকা বজায় রাখে। নিউ ইয়র্কের ঐতিহাসিক ঐতিহ্য রক্ষায় এজেন্সির মিশনকে প্রতিফলিত করার জন্য এজেন্সির নামটি 1981 সালে নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণের অফিসে (New York State Office of Parks, Recreation and Historic Preservation) আপডেট করা হয়েছিল।

স্টেট পার্কের কমিশনার প্রো টেম্পোর র‍্যান্ডি সাইমনস বলেছেন, "উ ইয়র্কবাসীরা 100 বছর আগে নিউ ইয়র্ক স্টেটের অন্যতম সেরা পরিবেশগত লিগ্যাসিগুলি তৈরি করতে একত্রিত হয়েছিল যা আমাদের রাজ্যের পার্ক এবং ঐতিহাসিক সাইটের ব্যবস্থা। আমাদের সংস্থা গভর্নর হোকল, রাজ্যের আইনসভা, রাজ্য জুড়ে আমাদের অনেক অংশীদার এবং আমাদের অতিথীদের সাথে পরবর্তী শতাব্দীতে এই লিগ্যাসি তৈরি করতে এবং বজায় রাখার জন্য কাজ করার জন্য উন্মুখ আছে।"

আজ, কমিশনার প্রো টেম্পোর সাইমনস নিউবার্গে ওয়াশিংটনের হেডকোয়ার্টারস স্টেট হিস্টোরিক সাইটে (Washington's Headquarters State Historic Site) স্টেট পার্কের শতবর্ষী পতাকা উত্তোলন করে এবং সারাটোগা স্প্রিংসের সারাটোগা স্পা স্টেট পার্কে একটি আলোক অনুষ্ঠানে যোগদানের মাধ্যমে এই অনুষ্ঠানটিকে চিহ্নিত করছেন।

অন্যান্য আলোক অনুষ্ঠান আজ এই স্থানগুলিতে অনুষ্ঠিত হবে:

- ম্যানহাটনে ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- সাউথ নিয়াকের গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- ব্রুকলিনে কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- অ্যালবেনিতে এইচ কার্ল ম্যাককল SUNY বিল্ডিং (H. Carl McCall SUNY Building)
- অ্যালবেনিতে রাষ্ট্রীয় শিক্ষা ভবন (State Education Building)
- অ্যালবেনিতে আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- অ্যালবেনিতে এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)
- সিরাকিউসে স্টেট ফেয়ারগ্রাউন্ডস প্রধান গেট ও এক্সপোজিশন সেন্টার (State Fairgrounds Main Gate and Exposition Center)
- নায়াগ্রা ফলস স্টেট পার্ক (Niagara Falls State Park)
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)

- ম্যানহাটনের পেন স্টেশনে মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি (Metropolitan Transportation Authority)/লং আইল্যান্ড রেইলরোড ইস্ট এন্ড গেটওয়ে (Long Island Railroad East End Gateway)
- ইরি খালের উপর ফেয়ারপোর্ট লিফট ব্রিজ (Fairport Lift Bridge)
- পেন স্টেশনে ময়নিহান ট্রেন হল (Moynihan Train Hall)
- পাকিপ্সিতে হাডসন স্টেট হিস্টোরিক পার্কের উপরস্থ ওয়াকওয়ে (Walkway Over the Hudson State Historic Park)
- হাডসনে ওলানা স্টেট ঐতিহাসিক সাইট (Olana State Historic Site)
- স্ট্যাটসবার্গের স্টেট ঐতিহাসিক স্থান (Staatsburgh State Historic Site)
- ক্যাজেনোভিয়াতে লরেঞ্জো স্টেট ঐতিহাসিক সাইট (Lorenzo State Historic Site)
- কাস্টিলে লেচওয়ার্থ স্টেট পার্ক (Letchworth State Park):
- ব্যবিলনে রবার্ট মোজেস স্টেট পার্ক (Robert Moses State Park)
- ওয়ান্টাঘে জোন্স বিচ স্টেট পার্ক (জোন্স বিচ স্টেট পার্ক)
- ওসওয়েগোতে ফোর্ট অন্টারিও স্টেট ঐতিহাসিক স্থান (Fort Ontario State Historic Site)

স্টেট কাউন্সিল অফ পার্কসের চেয়ারম্যান ব্রায়ান এরউইন বলেছেন, "আমি NY স্টেট পার্কসের 100তম বার্ষিকী উদযাপনে গভর্নর হোকলের সাথে যোগ দিচ্ছি। 100 বছর ধরে, নিউ ইয়র্কবাসীরা ন্যাশনাল পার্ক সিস্টেমের নিজস্ব সংস্করণ উপভোগ করেছে। যুদ্ধ, শান্তি, মন্দা এবং উন্নতির সময়ের মধ্য দিয়ে; মহামারী, তাপের তরঙ্গ, ঠাণ্ডা আবহাওয়ার সময়, উষ্ণ বসন্ত এবং চটকদার শরতের মধ্য দিয়ে। আইরিশ, ইতালীয়, ইহুদি, আফ্রিকান আমেরিকান, পুয়ের্তো-রিকান, ডোমিনিকান, চীনা আমেরিকান এবং আমাদের বাকি সমস্ত প্রতিবেশীদের প্রজন্মের মাধ্যমে: আমাদের জীবনের বর্তমান প্রেক্ষাপট যাই হোক না কেন তা সহ আমরা সবাই আমাদের উপর এক শতাব্দী আগে যা দেওয়া হয়েছিল তা উপভোগ করতে সক্ষম। আমি খুবই কৃতজ্ঞ যে এই গভর্নরের নেতৃত্বে অ্যালবেনিতে আমাদের নেতৃত্ব আমাদের পার্কগুলিতে বিনিয়োগ করেছে যাতে তারা চিরকাল আমাদের জীবনের এবং আমাদের সন্তানদের জীবনের গুরুত্বপূর্ণ অংশ হয়ে থাকবে।"

পার্কস অ্যান্ড ট্রেলস নিউ ইয়র্কের (Parks and Trails New York) এক্সিকিউটিভ ডিরেক্টর পল স্টিলি হোয়াইট বলেছেন, "পার্কগুলিতে মনোযোগ দেওয়ার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ৷ প্রত্যেকের কাছে যাতে বিস্ময়, দুঃসাহসিকতা, সুস্থতা এবং আবিষ্কারের অ্যাক্সেস থাকে তা নিশ্চিত করতে এটি প্রকৃত বিনিয়োগের একটি শক্তিশালী উপস্থাপনা। যেমন আমার কিশোর সন্তান বলে, 'পার্কগুলো চমৎকার!'"

সিনিক হাডসনের সভাপতি নেড সুলিভান বলেছেন, "আমরা এই অবিশ্বাস্য মাইলফলক উদযাপনে গভর্নর হোকল এবং সকল নিউ ইয়র্কবাসীর সাথে যোগ দিই। গত শতাব্দী ধরে, নিউ ইয়র্ক একটি অতুলনীয় স্টেট পার্কের ব্যবস্থা তৈরিতে দেশকে নেতৃত্ব দিয়েছে যা সব বয়সের এবং পটভূমির নিউ ইয়র্কবাসীদের জন্য সাশ্রয়ী মূল্যের এবং অনুপ্রেরণামূলক বহিরঙ্গন সুযোগগুলি প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। রাজ্য এবং অন্যদের সাথে সিনিক হাডসনের অংশীদারিত্ব আমাদেরকে এক ধরনের গন্তব্য তৈরি বা উন্নত করতে সাহায্য করার অনুমতি দিয়েছে, যার মধ্যে রয়েছে সোজার্নার ট্রুথ স্টেট পার্ক (Sojourner Truth State Park), ওয়াকওয়ে

ওভার দ্য হাডসন, ফ্রানি রিস স্টেট পার্ক (Franny Reese State Park) এবং ওলানা স্টেট হিস্টোরিক সাইট। প্রকৃতি এবং একে অপরের সাথে মানুষকে সংযুক্ত করার উদ্ভাবনী উপায় তৈরি করতে আমরা গভর্নর হোকচুল এবং স্টেট পার্কস টিমের সাথে এই লিগ্যাসি গড়ে তোলার জন্য উন্মুখ।"

ওপেন স্পেস ইনস্টিটিউটের (Open Space Institute) চিফ সংরক্ষণ ও পলিসির অফিসার ক্যাথি মোসার বলেছেন, "ওপেন স্পেস ইনস্টিটিউট আমাদের অতুলনীয় স্টেট পার্কগুলিকে রক্ষা, উন্নত এবং প্রসারিত করতে নিউ ইয়র্ক স্টেটে আমাদের অংশীদারদের সাথে যোগদান করতে পেরে সম্মানিত বোধ করে। গত 50 বছরে, OSI আমাদের স্টেট পার্কের ব্যবস্থায় প্রায় 40,000 একরের জায়গা যোগ করেছে যা মোট একরের দশ শতাংশেরও বেশি – সেই সাথে আমাদের পার্কগুলিকে আরও স্বাগত জানাতে এবং সবার জন্য অ্যাক্সেসযোগ্য করে তোলার জন্য অনেক অন্যান্য উদ্যোগ যোগ করেছে। আমাদের রাজ্যের প্রাচুর্যপূর্ণ প্রাকৃতিক সৌন্দর্য এবং সাংস্কৃতিক ঐতিহ্যের সুরক্ষা আজ এবং অগণিত ভবিষ্যতের প্রজন্মের জন্য একটি উপহার। শতবর্ষ উদযাপন উদযাপনের জন্য গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেট পার্কসের সাথে যোগদান করতে পেরে আমরা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং আমরা পরবর্তী 100 বছরের জন্য অপেক্ষারত।"

স্টেট সিনেটর হোসে এম. সেরানো বলেছেন, "আমাদের রাজ্যের ল্যান্ডমার্কগুলির আলোকসজ্জার সাথে প্রিয় নিউ ইয়র্ক স্টেট পার্ক এবং ঐতিহাসিক সাইটের ব্যবস্থার 100তম বার্ষিকী উদযাপন করতে পেরে আমি আনন্দিত। নিউ ইয়র্কবাসী এবং পর্যটকরা একইভাবে পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণের অফিস পার্কের ব্যবস্থার প্রতি যে পরিচর্যা এবং উৎসর্গ দেখিয়েছে তা লক্ষ্য করেছে, তার সাথে এই গত বছর পরিদর্শন 84 মিলিয়ন দর্শকের রেকর্ড ছাড়িয়ে গেছে। সংস্কৃতি বিষয়ক, পর্যটন, পার্ক এবং বিনোদন সম্পর্কিত সিনেট কমিটির সভাপতি হিসাবে আমি স্বীকার করি যে মানুষকে প্রকৃতির সাথে সংযুক্ত করা এবং আমাদের সবুজ স্থানগুলিকে অ্যাক্সেসযোগ্য এবং স্বাগত বোধ করায় এমন রাখার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। গভর্নর, আইনসভা এবং পার্কের কর্মীদের উৎসর্গের জন্য আমার আন্তরিক ধন্যবাদ, কারণ আমরা আমাদের পার্কের ব্যবস্থার একটি ক্রমাগত পুনর্নির্মাণ দেখেছি যা পার্ক এবং ঐতিহাসিক স্থানগুলির অনেক সুবিধাকে শক্তিশালী করে তোলে।"

আসেম্বলির সদস্য ড্যানিয়েল জে. ও'ডোনেল বলেছেন, "আজ, আমরা সেই স্বপ্নদর্শীদের কাজের উপর ভিত্তি করে অগ্রসর হচ্ছি যারা এক শতাব্দী আগে নিউ ইয়র্ক রাজ্যে আমাদের প্রাকৃতিক ল্যান্ডস্কেপ এবং ঐতিহাসিক স্থানগুলি সংরক্ষণের গুরুত্ব স্বীকার করেছিলেন। সুতরাং, আমরা আমাদের ল্যান্ডমার্কগুলিকে আলোকিত করা এবং শতবর্ষী পতাকা উত্থাপন করার সময় আমরা কেবলমাত্র বিগত 100 বছর উদযাপন করি না কিন্তু এছাড়াও আমাদের পূর্বপুরুষদের প্রতিষ্ঠিত উত্তরাধিকারকে বহন করার জন্য নিজেদেরকে পুনরায় নিশ্চিত করি এবং এটি নিশ্চিত করি যে এই স্থানগুলি আগামী প্রজন্মের জন্য সংরক্ষিত এবং সমৃদ্ধ হবে।"

2024 সাল জুড়ে, নিউ ইয়র্ক স্টেটের পার্কগুলি 100 তম বার্ষিকীকে বিভিন্ন কর্মসূচি এবং অনুষ্ঠানের সাথে চিহ্নিত করবে। উদযাপনমূলক উদ্যোগের মধ্যে রয়েছে 'ব্লেজিং এ ট্রেইল (Blazing A Trail)', একটি ইন্টারেক্টিভ টাইমলাইন যা এজেন্সির ইতিহাস এবং প্রভাবশালী

ব্যক্তিদের কালানুক্রমে প্রদর্শন করে; নিউ ইয়র্ক স্টেটের ক্যাপিটলের (New York State Capitol) স্টেট স্ট্রিট টানেলে (State Street Tunnel) বর্তমানে দৃশ্যমান থাকা একটি প্রদর্শনী; শেয়ার ইয়োর স্টোরি (Share Your Story) প্রকল্প যা মানুষকে পার্ক ও সাইটগুলি সম্পর্কিত তাদের নিজেদের গল্পগুলি বলতে আমন্ত্রণ জানায়; সেন্টেনিয়াল চ্যালেঞ্জ (Centennial Challenge) যা মানুষকে পার্ক ও স্থানগুলির বিভিন্ন কর্মকাণ্ডে অংশগ্রহণ করে পুরস্কার জেতার জন্য উৎসাহিত করে; এবং সেন্টেনিয়াল কালেকশনের (Centennial Collection) পণ্য প্রকাশ করা যার মধ্যে টিশার্ট, হুডি, মগ ওর কিছু থাকবে। পুরো 2024 সালজুড়ে আরো উদ্যোগ ঘোষণা করা হবে।

নিউ ইয়র্ক স্টেট অফিস অব পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন 250টিরও বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, বিনোদনমূলক পথ, গলফ কোর্স, বোট লঞ্চ এবং আরো অনেক কিছুর তত্ত্বাবধান করে যা 2023 সালে রেকর্ড 84 মিলিয়ন দর্শনার্থী দেখেছিল। এই বিনোদনের এলাকাগুলির যেকোনো একটি সম্পর্কে আরও তথ্যের জন্য, parks.ny.gov -এ যান, বিনামূল্যে NY স্টেট পার্কস এক্সপ্লোরার (NY State Parks Explorer) অ্যাপ ডাউনলোড করুন বা 518.474.0456 নম্বরে কল করুন। ফেসবুক (Facebook), ইনস্টাগ্রাম (Instagram), এক্স (X, পূর্বে Twitter) এবং OPRHP ব্লগে আমাদের সাথে সংযোগ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন